গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট শাখা-১
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন"
"সমবায়ে উন্নয়ন"

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩৬.২০.০৫৮.১৮-৯৪

১৫ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ: ----------
২৯ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট কমিটিকে সহায়তা করার জন্য অত্র বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি বাজেট ওয়ার্কিং গ্রুপ গঠন করা হলোঃ

বাজেট ওয়ার্কিং গ্রুপঃ

১.	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।	সভাপতি
২.	উপসচিব (বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।	সদস্য
৩.	উপসচিব (উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।	সদস্য
৪.	উপসচিব (পরিকল্পনা শাখা-১), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।	সদস্য
৫.	সকল দপ্তর/সংস্থার বাজেট শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা।	সদস্য
৬.	উপসচিব/সিনিয়র সহকারি সচিব (বাজেট-১২), অর্থ বিভাগ।	সদস্য
৭.	সিনিয়র সহকারি প্রধান, (পল্লী প্রতিষ্ঠান উইং), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।	সদস্য
৮.	চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।	সদস্য
৯.	হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।	সদস্য
১০.	সিনিয়র সহকারি সচিব (বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।	সদস্য সচিব

(২) কার্যপরিধি:

নিম্নোক্ত দলিল/প্রাক্কলন/বিবরণীসমূহ পরীক্ষা ও চূড়ান্ত করে বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে;

কৌশলগত

১. মন্ত্রণালয়/বিভাগের বাজেটের সঙ্গে সরকারের স্বল্প,ে মধ্য ও দীর্ঘমেয়াদি নীতিসমূহ যেমন: বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, মন্ত্রণালয়/বিভাগ সম্পর্কিত নীতি-পরিকল্পনা, সংশ্লিষ্ট খাতভিত্তিক নীতি-পরিকল্পনা ইত্যাদির সংযোগসাধনের বিষয়টি পরীক্ষাপূর্বক মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো প্রণয়ন/হালনাগাদকরণ;

২. মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual performance Agreement) সাথে সংগতিসাধনপূর্বক বাজেট কাঠামো প্রণয়ন/হালনাগাদকরণ;

৩. সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতি-পরিকল্পনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সামাজিক খাতে বিশেষত দারিদ্র্য নিরসন, নারী ও শিশু উন্নয়নে ব্যয় বৃদ্ধি নিশ্চিতকরণ;

৪. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় (অভিযোজন ও প্রশমন) প্রয়োজনীয় ব্যয় বাজেট কাঠামোয় অন্তর্ভুক্তকরণের বিষয়টি পরীক্ষাপূর্বক অনুমোদন; এবং

৫. মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি-পরিকল্পনার আলোকে বাজেট-সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা অনুমোদন।

বাজেট পরিকল্পনা, প্রণয়ন/হালনাগাদ

৬. মন্ত্রণালয়/বিভাগের খসড়া বাজেট কাঠামো (প্রথম ও দ্বিতীয় ভাগ) প্রণয়ন/হালনাগাদকরণ;

৭. সচিবালয় এবং সংযুক্ত/অধীন দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ/হালনাগাদকরণ;

৮. রাজস্ব আয়, পরিচালন ও উন্নয়ন ব্যয়ের বিস্তারিত প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুতকরণ; এবং

৯. বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan)–সহ মন্ত্রণালয়/বিভাগ ও অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation plan) প্রণয়ন;

প্রতিবেদন প্রস্তুত ও বিবিধ

১০. বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতকরণ;

১১. প্রধান কর্মকৃতি নির্দেশক (key performance Indicator) এবং ফলাফল নির্দেশক (Output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রস্তুত;

১২. বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত;

১৩. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যপত্র প্রণয়ন; এবং

১৪. বাজেট ব্যবস্থাপনা কমিটি অথবা প্রধান হিসাবদানকারী অফিসার (Principal Accounting officer) কর্তৃক প্রদত্ত বাজেট প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং পর্যালোচনা সংক্রান্ত অন্য যে কোন বিষয়।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। এ বিভাগ কর্তৃক ইতোপূর্বে জারিকৃত এতদ্‌সংক্রান্ত সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

২৯/৬/২১
(নাঈমা খন্দকার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৮০০৮
e-mail:budgetwing71@gmail.com

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩৬.২০.০৫৮.১৮-

১৫ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ: ----------
২৯ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: উপসচিব/সিনিয়র সহকারি সচিব, বাজেট-১২)।
০২। সকল দপ্তর/সংস্থার প্রধান।
০৩। উপসচিব/সিনিয়র সহকারি সচিব (বাজেট-১২), অর্থ বিভাগ।
০৪। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৫। সিনিয়র সহকারি প্রধান, (পল্লী প্রতিষ্ঠান উইং), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।
০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্র: ও বা:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০৮। যুগ্ম সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। অফিস কপি।